

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

অবসর ভবন

৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯

ফোন : ২২২২৪০১৯০, ২২২২৪০১৮৯, ৪৮১২২৯৮৭

brgewa@gmail.com

নং-২১/২০২৩-৩৫৫

তারিখঃ ১১/০৭/২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির টাঙ্গাইল জেলা শাখার বার্ষিক সাধারণ সভা ও বিনোদন অনুষ্ঠান গত ০৮ জুলাই, ২০২৩ তারিখে বেলা ১০.০০ ঘটিকায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি ও মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক উপস্থিত ছিলেন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে সমিতির কার্যনির্বাহী কমিটির সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ আজহার আলী তালুকদার এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল জনাব মুহাম্মদ আবদুর রহিম সুজন সভায় উপস্থিত ছিলেন। টাঙ্গাইল জেলা শাখা সমিতির কার্যনির্বাহী কমিটির সদস্যগণ এবং উক্ত সমিতির ৩৫০ সদস্য উপস্থিত হয়েছেন। উক্ত অনুষ্ঠানে বঙ্গাগণ পেনশন সমতাকরণ, চিকিৎসা ভাতা বৃদ্ধি, অনুদানের টাকা বৃদ্ধি ও নিজস্ব জমিতে অফিস নির্মাণের জন্য অর্থ বরাদ্দের দাবী উপস্থাপন করেন। উক্ত দাবীর প্রেক্ষাপটে সমিতির সভাপতি বীর মুক্তিযোদ্ধা কাজী রিয়াজুল হক বলেন, এক পদ এক পেনশন, পুনঃপেনশন প্রাপ্তির জন্য ৮ বছর ৪ মাসে কমিয়ে আনা, চিকিৎসা ভাতা বৃদ্ধিকরাসহ মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত প্রণোদনা সরকারী কর্মচারীর ন্যায় ৫% প্রণোদনা সুবিধা প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সাক্ষাৎ ও লিখিত আবেদন করেছি। এছাড়া জেলা শাখা সমিতির জন্য অনুদান, অফিস খরচ, চিকিৎসা সম্মানিসহ আনুসঙ্গিক বিষয়ে অর্থ ইতোমধ্যে বৃদ্ধি করা হয়েছে, ভবিষ্যৎ আরও বৃদ্ধি করা হবে। জেলা শাখা সমিতি যদি খাস জমি পায় তাহলে অফিস ঘর নির্মাণের জন্য সহযোগিতা প্রদান করা হবে। উক্ত অনুষ্ঠানে টাঙ্গাইল জেলা শাখা সমিতির সভাপতি জনাব মোঃ বরকত আলী সভাপতিত্ব করেন।


(ডাঃ মোঃ আমিনুল ইসলাম)
পরিচালক (প্রশাসন ও অর্থ)